# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৯৫. প্রচণ্ড ও অদম্য প্রেমের কিছু ঔষুধ

“আমি তার থেকে মন্দ কর্ম ও অশ্লীলতা দূরে রাখার জন্য এরূপ নিদর্শন দেখিয়েছিলাম।” (১২-সূরা ইউসুফঃ আয়াত-২৪)

১. অধিকতর একনিষ্ঠ হয়ে আপনার ইবাদতকে উন্নত করার জন্য কঠোর সাধনা করুন।

২. وَيَحْفَظُوا فُرُوجَهُمْ ... وَيَحْفَظْنَ فُرُوجَهُنَّ

“আর যে সব নর-নারীরা নিজেদের যৌনাঙ্গকে (অবৈধ যৌনক্রিয়া থেকে) হেফাজত রাখে।” (২৪-সূরা নূরঃ আয়াত- ৩০-৩১)

আপনার দৃষ্টিকে নত (বা নিচের দিকে) রাখুন।

وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ

"আর যারা নিজেদের যৌনাঙ্গকে (অবৈধ যৌন ক্রিয়া থেকে) হেফাজত রাখে।”

৩. আপনার প্রেমাস্পদ থেকে দূরে কোথাও চলে যান।

৪. আমলে সালেহ, নেক আমল, পুণ্যকর্ম, সৎকাজ বা ভালোকাজে নিজেকে ব্যস্ত রাখুন।

“নিশ্চয় তারা সৎকাজে প্রতিযোগিতা করত, আমাকে আশা ও ভয়ের সাথে ডাকত এবং তারা আমার তরে বিনীত ছিল।” (২১-সূরা আম্বিয়াঃ আয়াত-৯০)

৫. বৈধ আমোদ-আহ্লাদ করুন। অর্থাৎ শরীয়তসম্মত আনন্দ-স্ফূর্তি করুন।

فَانكِحُوا مَا طَابَ لَكُم مِّنَ النِّسَاءِ

“তাহলে তোমাদের পছন্দনীয় নারীকে বিবাহ কর।” (৪-সূরা নিসাঃ আয়াত-৩)

وَمِنْ آيَاتِهِ أَنْ خَلَقَ لَكُم مِّنْ أَنفُسِكُمْ أَزْوَاجًا لِّتَسْكُنُوا إِلَيْهَا

“এবং তার নিদর্শনাবলির একটি এই যে, তিনি তোমাদের মধ্য থেকে তোমাদের স্ত্রীগণকে সৃষ্টি করেছেন যাতে করে তোমরা তাদের নিকট শান্তি পাও।” (৩০-সূরা আর রূমঃ আয়াত-২১)

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

يَا مَعْشَرَ الشَّبَابِ، مَنِ اسْتَطَاعَ مِنْكُمُ البَاءَةَ فَلْيَتَزَوَّجْ

“হে যুব সম্প্রদায়! তোমাদের মধ্যে যে বিবাহের সামর্থ্য রাখে সে যেন বিবাহ করে।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7703

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন